



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ১১৫/২২

তারিখঃ ২৩ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
০৭ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর প্রধান হিসেবে অতিরিক্ত আইজিপি জনাব এস,এম, রুহুল আমিন এঁর যোগদান।

অদ্য ০৭/০৯/২০২২ খ্রি. পূর্বাঙ্কে এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর প্রধান হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন পুলিশের অতিরিক্ত আইজিপি জনাব এস,এম, রুহুল আমিন। সৎ, মেধাবী ও দক্ষ পুলিশ কর্মকর্তা জনাব এস,এম, রুহুল আমিন ১২ তম বিসিএস ব্যাচের পুলিশ ক্যাডারে ১ম স্থান অধিকার করেন। তিনি ২০/০১/১৯৯১ সালে সহকারি পুলিশ সুপার (এএসপি) হিসেবে বাংলাদেশ পুলিশে যোগদান করেন। তিনি তাঁর বর্ণাঢ্য কর্মজীবনে এএসপি হিসেবে পুলিশ হেডকোয়ার্টার্স, দিনাজপুর, রাঙ্গামাটি, কুমিল্লা এবং অতিরিক্ত পুলিশ সুপার হিসেবে সিলেট, ৭ এপিবিএন, পুলিশ স্টাফ কলেজ, ঢাকা ও নওগা জেলায় কর্মরত ছিলেন। তিনি রাজবাড়ি, ঝালকাঠি ও সিলেট জেলার পুলিশ সুপার হিসেবে এবং চট্টগ্রাম মহানগর পুলিশের উপ-পুলিশ কমিশনার হিসেবে কৃতিত্বের সাথে দায়িত্ব পালন করেন।

তিনি অ্যাডিশনাল ডিআইজি হিসেবে চট্টগ্রাম রেঞ্জ-এ দায়িত্ব পালন করেন। ডিআইজি হিসেবে তিনি রেলওয়ে রেঞ্জ, ঢাকা, বরিশাল মহানগর পুলিশ কমিশনার, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকার ডিআইজি মিডিয়া অ্যান্ড প্ল্যানিং এবং হিউম্যান রিসোর্স হিসেবে দক্ষতা ও সুনামের সাথে দায়িত্ব পালন করেন। তিনি এটিইউ এর দায়িত্বভার গ্রহণের পূর্বে পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় অতিরিক্ত আইজিপি (লজিস্টিকস অ্যান্ড অ্যাসেস্ট এ্যাকুইজিশন) হিসেবে কর্মরত ছিলেন। এছাড়াও তিনি পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকার অতিরিক্ত আইজিপি (হিউম্যান রিসোর্স অ্যান্ড ম্যানেজমেন্ট) এবং অতিরিক্ত আইজিপি (ফিন্যান্স অ্যান্ড ডেভলপমেন্ট) হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ থেকে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। তিনি বাংলাদেশসহ যুক্তরাষ্ট্র, চীন, ইতালি, ফিলিপাইন, শ্রীলঙ্কা, সিঙ্গাপুরসহ বিভিন্ন দেশে পেশাগত উচ্চতর প্রশিক্ষণ গ্রহণ করেছেন। তিনি জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে Angola, Ivory coast, Kosovo ও South Sudan-এ গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন।

উল্লেখ্য, তিনি গোপালগঞ্জ জেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারের কৃতি সন্তান।

Atu

০৭/০৯/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: atu.spma@police.gov.bd